

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা
www.mohfw.gov.bd

নং-৪৫.১৩৭.০১১.০০.০০.০০১.২০১৩- ৯৪২

তারিখঃ ০৭/০৭/২০১৩ খ্রিস্টাব্দ
২৩/০৩/১৪২০ বঙ্গাব্দ

প্রজ্ঞাপন

বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়ের ৩১/০১/২০১৩ তারিখের ৮০.১০৭.০১১.০০.০০.০১২.২০১২-২৮ সংখ্যক পত্রের সুপারিশক্রমে ৩১ তম বিসিএস পরীক্ষায় উত্তীর্ণ কিন্তু পদ স্বল্পতার কারণে ক্যাডার পদে সুপারিশকৃত নয় এমন নিম্নবর্ণিত ৩ জন প্রার্থীকে স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের অধীন স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সহকারী প্রকৌশলী (পুর) (১ম শ্রেণির) নন-ক্যাডার পদে জাতীয় বেতন স্কেল ২০০৯ অনুযায়ী টাঃ ১১০০০-৪৯০ X ৭-১৪৪৩০-ইবি- ৫৪০ X ১১-২০৩৭০/- বেতন স্কেলে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিয়োগ প্রদান করা হলঃ

ক্রমিক নং	প্রার্থীর নাম	ঠিকানা	রেজিঃ নম্বর
১।	জনাব শামীম ভূইয়া	পিতা- মোসলেহ উদ্দিন আহমেদ গ্রাম-কাপাস কান্দি, বাড়ি নং-১৪৫, রোড নং- ১, ওয়ার্ড নং-৯, ডাকঘর-কড়িকান্দি, উপজেলা-তিতাস, জেলা- কুমিল্লা।	০৪৭৪২৬
২।	জনাব মোঃ সাহাবুল আলম	পিতা- মৃত আজহার আলী, গ্রাম-বড় আইলাচারা (দক্ষিণ পাড়া), ডাকঘর- পোড়াদহ, থানা ও জেলা-কুষ্টিয়া।	০৩৮৫২০
৩।	জনাব জুবায়ের বিন জসিম	পিতা-মোঃ জসিম উদ্দিন, গ্রাম-পাটাবুকা, ডাকঘর-বিদ্রাটী, থানা-কিশোরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ।	০৮৭৯৩২

শর্তাদিঃ

(১) উক্ত পদের জন্য সরকার নির্ধারিত প্রশিক্ষণ প্রতিষ্ঠানে বিভাগীয় প্রশিক্ষণ গ্রহণ করতে হবে। প্রয়োজনবোধে সরকার প্রশিক্ষণের পূর্বে অন্য কোন প্রশিক্ষণের জন্য মনোনীত করতে পারবে;

(২) নিয়োগপ্রাপ্তদের ০২ (দুই) বছর শিক্ষানবিশ হিসেবে কাজ করতে হবে। শিক্ষানবিশকালে যদি চাকুরিতে বহাল থাকার অনুপযোগী বলে বিবেচিত হন, তবে কোন কারণ দর্শানো ছাড়াই এবং সরকারি কর্ম কমিশনের পরামর্শ ব্যতিরেকে চাকুরি হতে অপসারণ করা যাবে;

(৩) প্রশিক্ষণ শুরু হওয়ার পূর্বে তাঁকে একজন জামানতদারসহ ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে যদি তিনি শিক্ষানবিশ কালে অথবা শিক্ষানবিশ কাল উত্তীর্ণ হওয়ার ০২ (দুই) বছরের মধ্যে চাকুরিতে ইস্তফা দেন, তবে প্রশিক্ষণকালে তাঁকে প্রদত্ত বেতন-ভাতা, প্রশিক্ষণ উপলক্ষ্যে উত্তোলিত অগ্রিম/ভ্রমণভাতা/অন্যান্য ভাতাদি ও তার প্রশিক্ষণের জন্য ব্যয়িত সমুদয় অর্থ ফেরত দিতে তিনি বাধ্য থাকবেন।

(৪) ইস্তফা সরকার কর্তৃক গৃহীত হওয়ার পূর্বে যদি তিনি তাঁর কর্তব্য কাজে অনুপস্থিত থাকেন তবে ক্রমিক-৩ অনুযায়ী তার নিকট সরকারের প্রাপ্য সমুদয় অর্থ পাবলিক ডিমান্ড রিকভারী এ্যাক্ট ১৯১৩ এর বিধান অনুসারে আদায় করা হবে এবং সরকারী কর্মচারী (শৃংখলা ও আপীল) বিধিমালা ১৯৮৫ অনুযায়ী তার বিরুদ্ধে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(৫) নিয়োগপ্রাপ্তগণ যদি কোন বিদেশী নাগরিককে বিবাহ করে থাকেন অথবা বিবাহ করার জন্য অজ্ঞিকারাবদ্ধ হয়ে তবে এ নিয়োগ পত্র বাতিল বলে গণ্য হবে;

(৬) চাকুরিতে যোগদানকালে যোগদানপত্রের সাথে ৩০০/- (তিনশত) টাকা মূল্যের নন-জুডিশিয়াল স্ট্যাম্পে এ মর্মে একটি বন্ড সম্পাদন করতে হবে যে তিনি নিজের বা পরিবারের অন্যান্য সদস্যদের জন্য কোন যৌতুক নিবেন না এবং কোন যৌতুক দিবেন না;

(৭) The Government Servants(Conduct) Rules,1979 এর ১৩(১) বিধি অনুযায়ী সকল স্বাবর-অস্বাবর সম্পত্তির বিবরণ সম্বলিত একটি ঘোষণাপত্র প্রার্থীকে চাকুরিতে যোগদানের সময় সংশ্লিষ্ট নিয়ন্ত্রণকারী মন্ত্রণালয়ে জমা দিতে হবে;

(৮) নিয়োগপ্রাপ্তগণ কোন অফিসে কর্মরত থাকলে অবশ্যই সংশ্লিষ্ট কর্তৃপক্ষের নিকট হতে ছাড়পত্র দাখিল করতে হবে

(৯) এ চাকুরিতে যোগদানের জন্য নিয়োগপ্রাপ্তগণ কোন ভ্রমণ/দৈনিক ভাতা প্রাপ্য হবেন না ;

(১০) চাকুরির জ্যেষ্ঠতাসহ যাবতীয় বিষয় চাকুরি সংক্রান্ত সরকারের প্রচলিত বিধি, আদেশ এবং ভবিষ্যতে প্রণীতব্য বিধি ও বিধান/আদেশ দ্বারা নিয়ন্ত্রিত হবে এবং পত্রে বর্ণিত হয় নাই এরূপ ক্ষেত্রেও ঐ সমস্ত বিধি-বিধান প্রযোজ্য হবে।

(১১) উপরের শর্তাবলী নিয়োগপ্রাপ্তদের নিকট গ্রহণযোগ্য বিবেচিত হলে আগামী ২০/০৭/২০১৩ খ্রিঃ তারিখ পূর্বাঙ্কে প্রধান কার্যালয়, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, ১০৫-১০৬ মতিঝিল, ঢাকায় যোগদানের জন্য অনুরোধ করা হল। উক্ত সময়ের মধ্যে যোগদান করতে ব্যর্থ হলে নিয়োগপত্র বাতিল বলে গণ্য হবে;

২। জনস্বার্থে এ নিয়োগ আদেশ জারি করা হল।

রাষ্ট্রপতির আদেশক্রমে,

স্বাঃ/

০৭/০৭/২০১৩

(এম.এম নিয়াজউদ্দিন)

সচিব

নং- ৪৫.১৩৭.০১১.০০.০০.০০১.২০১৩-৯৪২/১(১৪)

তারিখঃ ০৭/০৭/২০১৩ খ্রিস্টাব্দ
২৩/০৩/১৪২০ বঙ্গাব্দ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলঃ

- ১। সচিব, বাংলাদেশ সরকারি কর্ম কমিশন সচিবালয়, পুরাতন বিমান বন্দর ভবন, তেজগাঁও, ঢাকা।
- ২। অতিরিক্ত সচিব (উন্নয়ন ও চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৩। প্রধান প্রকৌশলী, স্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, মতিঝিল, ঢাকা।
- ৪। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৫। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৬। উপসচিব (নির্মাণ অধিশাখা), স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ৭। উপ-পরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা (পরবর্তী গেজেটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৮। সিস্টেম এনালিস্ট, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় (মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হল)।
- ৯। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- ১০। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
- ১১। জনাব শামীম ভূইয়া, পিতা- মোসলেহ উদ্দিন আহমেদ, গ্রাম-কাপাস কান্দি, বাড়ি নং-১৪৫, রোড নং-১, ওয়ার্ড নং-৯, ডাকঘর-কড়িকান্দি, উপজেলা-তিতাস, জেলা- কুমিল্লা।
- ১২। জনাব মোঃ সাহাবুল আলম, পিতা- মৃত আজহার আলী, গ্রাম-বড় আইলাচারা (দক্ষিণ পাড়া), ডাকঘর-পোড়াদহ, থানা ও জেলা-কুষ্টিয়া।
- ১৩। জনাব জুবায়ের বিন জসিম, পিতা-মোঃ জসিম উদ্দিন, গ্রাম-পাটাবুকা, ডাকঘর-বিনাটা, থানা-কিশোরগঞ্জ সদর, জেলা-কিশোরগঞ্জ।



(মোঃ হাফিজুর রহমান চৌধুরী)

সিনিয়র সহকারী সচিব

ফোন-৯৫৭৭৯৮৫

sasadmin1@mohfw.gov.bd